

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
উপজেলা-২ শাখা
www.lgd.gov.bd

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

স্মারক নং-৪৬.০৪৫.০১৮.০৫.৩৭.০৩৭.২০১৬-৪৩

তারিখঃ ১০/০১/২০১৮খ্রিঃ

বিষয়ঃ গোয়াইনঘাট উপজেলা পরিষদের জমিতে বিয়াম ল্যাবরেটরী স্কুল নির্মাণ।

সূত্রঃ উপজেলা নির্বাহী অফিসার, গোয়াইনঘাট, সিলেট এর স্মারক নং-৬২৭, তারিখ-২১/০৮/২০১৭

উপর্যুক্ত বিষয়ে সূত্রোক্ত স্মারকের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, উপজেলা পরিষদের জমিতে বিয়াম ল্যাবরেটরী স্কুল নির্মাণে অর্থের উৎস এবং এর স্থাপনা স্থায়ী/অস্থায়ী এ বিষয়ে কিছুই উল্লেখ নেই। এছাড়া স্কুলের মালিকানা ও রক্ষণাবেক্ষণ ব্যয় কোন্ উৎস হতে নির্বাহ করা হবে তার তথ্যাদিও জানা প্রয়োজন।

এমতাবস্থায়, গোয়াইনঘাট উপজেলা পরিষদের জমিতে বিয়াম ল্যাবরেটরী স্কুল কোন্ উৎসের অর্থায়নে নির্মিত হবে, রক্ষণাবেক্ষণের ব্যয় কোন্ উৎস হতে নির্বাহ করা হবে এবং স্কুল ভবন/স্থাপনা স্থায়ী নাকি অস্থায়ী ইত্যাদি তথ্যাদিসহ স্বয়ংসম্পূর্ণ প্রতিবেদন প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

উপজেলা নির্বাহী অফিসার
গোয়াইনঘাট, সিলেট।

(মোহাম্মদ জহিরুল ইসলাম)
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৯৫৭৭২৩০

অনুলিপিঃ

১. প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (ওয়েব সাইটে আপলোড করার অনুরোধসহ)।